# কেন এমন হয়

এমন অনেক বেদনা আছে---
তাতে নীল রঙের ছোঁয়া লাগাতে গেলেই
তা তার গভীরতা হারায়।

এমন অনেক কথা আছে---
যাকে ধবনি স্পর্শ করা মাত্র
উচ্চারণের কফিনে তা চিরনিদ্রায় ঢলে পড়ে!

এমন অনেক সত্য আছে---
যার বিড়ম্বিত প্রকাশ পাদ-প্রদীপের আলোয় আসা মাত্র
মুখটা তিক্ত-কষায় বিস্বাদ হয়ে যায়!

এমন অনেক সম্পর্ক আছে---
আত্মপ্রবঞ্চনার চাদরটা তার ওপর থেকে সরিয়ে নিলেই
স্থায়িত্বের স্বপ্ন-কল্পনা এক মুহূর্তেই উধাও হয়ে যায়!

এমন অনেক সৌন্দর্য আছে---
চোখের মায়া-কাজলটা মুছে গেলেই
চোখ ঝলসানো স্বর্ণ-প্রতিমাও পলকে কঙ্কালসার হয়ে যায়!

এমন অনেক আনন্দ আছে---
প্রকাশের মলিনতায় আবিল হয়ে
তা শোকস্তব্ধ বেদনায় বিমূঢ় হয়ে যায়!

কেন এমন হয়? এ প্রশ্নের উত্তর খুঁজতে গেলে---
কখনো প্রশ্নের মধ্যে উত্তর, কখনো-বা উত্তরের মধ্যে প্রশ্ন
আলোতে-আঁধারে, আকারে-নিরাকারে একাকার হয়ে
নিঃশব্দ চিৎকারে খান্-খান্ হয়ে ভেঙে পড়ে ।।

সমীর মৈত্র

সৃষ্টিসন্ধান